



ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

ডিওএস সার্কুলার নং-০৩

তারিখঃ ১০ অক্টোবর, ২০১৩  
২৫ আশ্বিন, ১৪২০

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়,

নিরীক্ষিত আর্থিক বিবরণী বাংলাদেশ ব্যাংকে দাখিল প্রসঙ্গে।

ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ (২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ৪০ ধারায় তফসিলি ব্যাংকসমূহের অনুমোদিত নিরীক্ষিত আর্থিক বিবরণী হিসাব বছর সমাপ্ত হওয়ার তিন মাসের পরিবর্তে দুই মাসের মধ্যে বাংলাদেশ ব্যাংকে দাখিলের নির্দেশনা প্রদান করা হয়েছে যা ডিসেম্বর, ২০১৩ ভিত্তিক নিরীক্ষিত আর্থিক বিবরণী দাখিলের সময় হতে কার্যকর হবে। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে আপনাদেরকে যথাসময়ে আর্থিক বিবরণী প্রস্তুত, নিরীক্ষা, অনুমোদন এবং উক্ত আর্থিক বিবরণীর তিনটি কপিসহ মুদ্রিত বার্ষিক প্রতিবেদনের (Annual Report) একটি কপি বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনে দাখিলের বিষয়টি নিশ্চিত করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

এতদ্বিষয়ে ইতোপূর্বে ০৪ নভেম্বর, ১৯৯৮ তারিখে জারিকৃত ডিবিওডি সার্কুলার লেটার নং-ব্যাপউবি(বিভিত)১১৮১/৯৮-১৪ এবং ১৯ জুলাই, ১৯৯৯ তারিখে জারিকৃত ডিবিওডি সার্কুলার লেটার নং-১০ বাতিল বলে গণ্য হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,  
স্বাঃ/-  
(এস, এম, রবিউল হাসান)  
মহাব্যবস্থাপক  
ফোনঃ ৯৫৩০০৯৩